রামগতি পৌরসভা কার্যালয়
রামগতি,লক্ষ্মীপুর।
স্থাপিত-২০০০খ্রিঃ
ই-মেইলঃ ramgatipourashova@gmail.com

স্মারক নং-রাপৌ/সভাঃ কাঃ/২০২৩-২০২ তারিখঃ ২৪/০৭/২০২৩খ্রিঃ

**সভা নং-২৯**

পৌর পরিষদের মাসিক (জুলাই'২০২৩খ্রিঃ) সভার কার্য বিবরনীঃ
সভাপতি: এম মেজবাহ উদ্দিন, মেয়র, রামগতি পৌরসভা, রামগতি, লক্ষ্মীপুর।
তারিখ: ২৪/০৭/২০২৩খ্রিঃ
সময়: বেলা ১১.০০ ঘটিকা।
স্থান: পৌরসভা সভাকক্ষ।
সভার উপস্থিতি:

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম | ওয়ার্ড নং | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | গীতা রানী দাস | সংরক্ষিত মহিলা আসন-১ | স্বাক্ষরিত |
| ০২ | আকলিমা বেগম | সংরক্ষিত মহিলা আসন-২ | স্বাক্ষরিত |
| ০৩ | নাছিমা বেগম | সংরক্ষিত মহিলা আসন-৩ | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ জয়নাল আবেদীন | সাধারন আসন-০১ | স্বাক্ষরিত |
| ০৫ | তাপস চন্দ্র দাস | সাধারন আসন-০২ | স্বাক্ষরিত |
| ০৬ | নিজাম উদ্দিন | সাধারন আসন-০৩ | স্বাক্ষরিত |
| ০৭ | মোঃ নুর নবী | সাধারন আসন-০৪ | স্বাক্ষরিত |
| ০৮ | শাহাদাৎ হোসেন | সাধারন আসন-০৫ | --------- |
| ০৯ | মোহাম্মদ নেছার উদ্দিন | সাধারন আসন-০৬ | স্বাক্ষরিত |
| ১০ | মুহাম্মদ দিদারুল ইসলাম খন্দকার | সাধারন আসন-০৭ | স্বাক্ষরিত |
| ১১ | ছৈয়দ মুরতাজা আল আমিন | সাধারন আসন-০৮ | স্বাক্ষরিত |
| ১২ | মোঃ ফারুকুল ইসলাম বাবলু | সাধারন আসন-০৯ | স্বাক্ষরিত |

সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভার শুরুতে পবিত্র কুরআন থেকে তেলোয়াত করেন রামগতি পৌরসভার ০৮নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন এবং পবিত্র গীতা থেকে পাঠ করে ১,২ ও ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাব গীতা রানী দাস। এরপর সভা পরিচালনা করার জন্য মেয়র মহোদয় পৌর নির্বাহী কর্মকর্তা রামগতি পৌরসভাকে আহবান করেন।

| সূচী নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদনঃ- | সভায় সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব এ.বি.এম শাহজাহান, কার্য সহকারী কর্তৃক বিগত সভার কার্য-বিবরণী পড়ে শুনানো হয় এবং কোন ধরনের সংশোধন, সংযোজন-বিয়োজন থাকলে তা নিয়ে আলোচনা করার জন্য অনুরোধ করেন। | কোন সংশোধনি না থাকায় ২৬/০৬/২০২৩ইং তারিখের কার্য-বিবরণী সর্বসম্মতক্রমে অনুমোদিত হয়। |
| ০২ | ২০২২-২০২৩ অর্থ বছরের আয়-ব্যয় সম্পর্কে আলোচনাঃ | পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ কামরুল হাসান সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে রামগতি পৌরসভায় ১,৪১,৭১,৯৯৫/- টাকা রাজস্ব আয় হয় এবং উক্ত অর্থ বছরে ১,৩০,৮৫,১৮৯/- টাকা ব্যয় হয়। তিনি আরো জানান উক্ত অর্থ বছরে ৭১,৪৮,১৪৭/- টাকা কর্মকর্ত-কর্মচারীদের বেতন ভাতা ও ১৫,৮৪,০০০/- টাকা কাউন্সিলদের সম্মানী ভাতা প্রদান করেন। তিনি বিষয়টি মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br>মেয়র মহোদয় বিষয়টি নিয়ে আলোচনা করার জন্য সবাইকে অনুরোধ করেন।<br>৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন সভায় জানান যে, পৌরসভা রাজস্ব আয় বৃদ্ধি কল্পে আরো নতুন নতুন খাত সৃষ্টি করতে হবে এবং রাজস্ব আদায়ের হার আরো বৃদ্ধি পাবে। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করে।<br>৫নং ওয়ার্ডের কাউন্সিলর ও প্যানেল মেয়র-১ জনাব শাহাদাৎ হোসেন সভায় জানান যে, পাবলিক হোল্ডিং ও ব্যবসায়িক ট্রেড লাইসেন্সের আদায়ের হার ২০২২-২০২৩৩ অর্থ বছরে সন্তোষ জনক নয়। তিনি রাজস্ব আদায়ের হার বৃদ্ধি কল্পে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহন করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করে। | মেয়র মহোদয়ের ২০২২-২০২৩ অর্থ বছরের আয়ের খাতে আদায়ের হারের উপর অসন্তোষ প্রকাশ করেন। তিনি আদায়ের হার বাড়ানোর জন্য সবাই একযোগে কাজ করার সর্বসম্মত সিদ্ধন্তি গৃহীত হয়। |
| ০৩ | ২০২৩-২০২৪ অর্থ বছরে বাজেট অনুমোদন সম্পর্কে আলোচনাঃ | সহকারী প্রকৌশলী ও পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ কামরুল হাসান সভাই জানান যে, ২৬/০৬/২০২৩ মাসের মাসিক সভার আলোচনাক্রমে ২০২৩-২০২৪ অর্থ বছরের ১০,৮২,৯২,৬৩৫/- টাকার বাজেট চুড়ান্ত করা হয়েছে। তিনি পুরো বাজেট কপি সবাইকে সরবরাহ করেন এবং পঠিত বলে মনে করেন। বাজেট অনুমোদনের জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br>মেয়র মহোদয়ে বাজেট বিষয়ে সবাইকে আলোচনা করার জন্য অনুরোধ করেন।<br>৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য প্রণীত বাজেট একটি যুগোপযোগী বাজেট। উক্ত বাজেটে সামাজিক সুরক্ষা খাতে ও দরিদ্র জন গোষ্টির জীবন যাত্রামান উন্নয়নে বরাদ্দ রাখার জন্য মেয়র মহোদয় সহ সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানান। বাজেট বাস্তবায়নের জন্য গুরুত্ব আরোপ করে অনুমোদনের জন্য মেয়র মহোদয়কে অনুরোধ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br>সংরক্ষিত মহিলা কাউন্সিলর জনাব গীতা রানী দাস সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য প্রণীত বাজেট কে একটি উন্নয়ন মূল্যক বাজেট আখ্যায়িত করেন এবং বাজেট বাস্তবায়নের জন্য গুরুত্ব আরোপ করেন। ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য বাজেট অনুমোদনের জন্য তার সমর্থন জ্ঞাপন করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br>৯নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ফারুকুল ইসলাম বাবলু সভাই জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য প্রণীত বাজেট একটি কল্যান মূল্যাক ও বাস্তবায়ন যোগ্য বাজেট। তিনি বাজেট প্রনয়নের জন্য মেয়র মহোদয়সহ সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানান। আর বাজেট অনুমোদনের জন্য তার সমর্থন জাঞাপন করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br>৫নং ওয়ার্ড কাউন্সিলর ও প্যানেল মেয়র জনাব শাহাদাৎ হোসেন সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেটে যোগাযোগ ব্যবস্থা, সামাজিজ সুরক্ষা ও ভৌত অবকাঠামো নির্মাণে বরাদ্দ রাখা যা বাস্তবায়ন যোগ্য। | সবার সম্মতীত্রমে ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য প্রণীত বাজেটকে অনুমোদন করেন এবং বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের হন্য পৌর নির্বাহী কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। |

| | | | |
|---|---|---|---|
| | | তিনি এই বাজেটকে একটি উন্নয়ন মূখী বাজেট হিসাবে আখ্যা দিয়ে বাজেট বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করে বাজেট প্রনয়নে মেয়র মহোদয়ের সহ সবাইকে ধন্যবাদ জানিয়ে বাজেট অনুমোদনের জন্য তার সমর্থন জ্ঞাপন করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন। | |
| ০৪ | পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পের প্যাকেজে ড্রেন পাইপ লাইন, টয়লেট, প্যালাসাইডিং ওয়ার্ড ও পানি সরবরাহ ব্যবস্থপনা সম্পকিত উপ-আইন সম্পর্কে আলোচনাঃ | সহকারী প্রকৌশলী ও পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ কামরুল হাসান সভাই জানান যে, বাংলাদেশের ৩০টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পের আওতায় রামগতি পৌরসভায় বাল্ক প্যাকেজের কাজ প্রায় শেষ প্রান্তে এবং প্রকল্পের আওতায় ড্রেন নির্মাণ কাজ, প্যালাসাডিং ওয়ার্ক ও ডিস্ট্রিবিউশন লাইনের কাজ চলমান রয়েছে বলে তিনি মেয়র মহোদয়েরকে অবহিত করেন। এবং পানি সরবরাহ ব্যবস্থাপন উপ-আইন সম্পর্কে সবার সাথে বিস্তারিত আলোচনা করেন। তিনি বলেন স্থানীয় সরকার পৌরসভার আইন ২০০৯ এর ধারা ৫০(২) ও তফসিল-২ অনুযায়ী এবং ধারা ১২২ এর পদত্ত ক্ষমতাবলে পৌরসভার পানি সরবরাহ ও ব্যবস্থা এই উপ-আইন প্রনয়ন করা হইল। যা পানি সরবরাহ উপ-আইন ২০২৩ নামে অবহিত করা হইবে।<br>তিনি উক্ত উপ-আইন এর সংক্ষিত বিষয় গুলো উপস্থাপন করেনঃ<br>১। পানির সংযোগ গ্রহণের জন্য আবেদন।<br>২। আবেদনের আলোকে সাইট পরিদর্শন।<br>৩। পানির সংযোগ প্রদান ও প্রত্যাক্ষান।<br>৪। সংযোগ ফি নির্ধারণ।<br>৫। সংযোগ ফি পরিশোদ।<br>৬। পানির মিটার।<br>৭। পানি সরবরাহ পাইপের স্টপ কর্ক।<br>৮। অস্থায়ী সংযোগ।<br>৯। পানির মূল্য হার।<br>১০। পানির মূল্য বা সরবরাহ মূল্য নির্ধারন বা পূর্ণ নির্ধারন প্রক্রিয়া।<br>১১। আফিল কর্তপক্ষঅ<br>১২। পানির অপব্যবহার ও অপচয় রোধ।<br>তিনি উক্ত বিষয় গুলো নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br>মেয়র মহোদয় বিষয় গুলো সবাইকে আলোচনা করার জন্য অনুরোধ করেন।<br>৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন সভায় জানান যে, পানি সরবরাহ ব্যবস্থাপনা উপ-আইন উক্ত প্রকল্প বাস্তবায়নের জন্য একটি যুগোপযোগী পদক্ষেপ। তিনি উক্ত আইনের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য মেয়র মহোদয়কে অনুরোধ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br>৫নং ওয়ার্ড কাউন্সিলর ও প্যানেল মেয়র-১ জনাব শাহাদাৎ হোসেন সভায় জানান যে, পানি সরবরাহ ব্যবস্থাপনা উপ-আইন গুলো অনুসরণ করে রামগতি পৌরসভায় প্রতিটি গ্রাহক পরিবারকে বিশুদ্ধ পানির ব্যবস্থা করতে হবে। আর প্রতিটি জিনিসেরেই কিছু না কিছু নিয়মাবলী থাকে এবং তা মনে আমাদের চলতে হবে। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন। | মেয়র মহোদয় সভার সম্মতিক্রমে পানি সরবরাহ ব্যবস্থাপনা উপ-আইন সমূহের সকল নির্দেশনা অনুসরণ করার জন্য পানি শাখা কে নির্দেশ প্রদান করেন। |
| ০৫ | মশক নিধন কার্যক্রম সম্পর্কে আলোচনাঃ | সহকারী প্রকৌশলী ও পৌর নির্বাহী কর্মকর্তা জনাব কামরুল হাসান সভায় জানান যে, বর্ষা মৌসমের বৃষ্টি শুরু হয়েছে এবং সেই সঙ্গে বেড়েছে ডেঙ্গুর প্রকোপ। প্রতিদিন আশংকাজনক হারে বাড়ছে ডেঙ্গু আক্রান্ত রোগীর সংখ্যা। তিনি ডেঙ্গু মশার লাভা নিধনে ও মশার বিস্তার রোধে করনীয় সম্পর্কে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br>মেয়র মহোদয় বিষয়টি নিয়ে সবাইকে আলোচনা করার জন্য অনুরোধ করেন।<br>৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন সভায় জানান যে, এডিস মশা জমে থাকা পানিতে বংশ বিস্তার করে। বিশেষ করে স্বচ্ছ পানিতে এই মশার ডিম পাড়ার উপযুক্ত স্থান অনেক সময় ঘরের বাইরে পড়ে থাকা ডাবের খোশা, আইসক্রিমের ছোট কাপ এই ছাড়া বাড়ীর আঙ্গিনায় থাকা অপ্রয়োনীয় গর্ত ও ডোবা-নালায় জমে থাকা পানিতে মশা বংশ বিস্তার লাভ করে। তিনি মশার বিস্তার রোধে পরিষ্কার-পরিচ্ছন্নাতার উপর গুরুত্ব আরোপ, মশার ঔষধ স্প্রে করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন। | সভাপতি মহোদয় সভার সম্মতিক্রমে পৌরসভার আওতাধীন সকল গুরুত্বপূর্ণ স্থপনায়, আশেপাশে ডোবা-নালা ও শিক্ষা প্রতিষ্ঠানের চারপার্শ্ব পরিষ্কার পরিচ্ছন্ন রাখা এবং নিয়মিত মশার ঔষধ স্প্রে করার জন্য সিদ্ধান্ত পৌর পরিষধে লিখিত আকারে পেশ করার জন্য সদস্য সচিবকে অনুরোধ করেন। |

<table>
<tr>
<td>০৬</td>
<td>পৌরসভার বিভিন্ন বিল প্রদান প্রসঙ্গে আলোচনাঃ</td>
<td>কোষাধ্যক্ষ জনাব গোলাম মোকতাদির সভায় জানান যে, গত জুন’২০২৩খ্রিঃ মাসে নিম্ন লিখিত বিল প্রদান করা হয়।
<table>
<tr><th>তারিখ</th><th>বিবরণ</th><th>টাকা</th></tr>
<tr><td>০৫২০২৩-০৬-</td><td>মেসার্স ব্রাদ্রার্স এন্টারপ্রাইজনং ওয়ার্ডের ৩-/প্রাইমারী বিদধ্যালয় সড়কবাসু মিয়া সড়কের সলিং কাজের চুড়ান্ত বিল।</td><td>৩০০.৬৫৭,২৯,</td></tr>
<tr><td>০৪২০২৩-০৬-</td><td>পৌর ভবনের বিভিন্ন কক্ষের জন্য তালা ক্রয়</td><td>৪০০.০৭০,</td></tr>
<tr><td>০৫২০২৩-০৬-</td><td>হোসনে আরা বেগম মৃত মোঃ দিদারের ) আর্থিক অনুদান-(স্ত্রী</td><td>৫০০০.০০০,</td></tr>
<tr><td>০৫২০২৩-০৬-</td><td>সুফিয়া বেগম -(মৃত আবদুল মালেকের স্ত্রী) আর্থিক অনুদান</td><td>৫০০০.০০০,</td></tr>
<tr><td>০৫২০২৩-০৬-</td><td>চর হাসান হোসাইন মদিনাতুল উলুম কাওমী মাদ্রাসা ও এতিখানার জন্য আর্থিক সাহায্য</td><td>১০০০.০০০,</td></tr>
<tr><td>০৫২০২৩-০৬-</td><td>আলেকজান্ডার ফয়জুল উলুম নুরানী হাফেজিয়া ও কাওমী মাদ্রাসার জন্য আর্থিক সাহায্য</td><td>৫০০.০০০,</td></tr>
<tr><td>০৫২০২৩-০৬-</td><td>আলেকজান্ডার দারুল উলুম কাওমী মাদ্রাসা ও এতিখানার জন্য আর্থিক সাহায্য</td><td>৫০০.০০০,</td></tr>
<tr><td>০৫২০২৩-০৬-</td><td>তাকওয়া একতা সংঘের জন্য আর্থিক সাহায্য</td><td>৫০০.০০০,</td></tr>
<tr><td>০৫২০২৩-০৬-</td><td>আলেকজান্ডার সবুজ গ্রাম সমাজ কল্যান সংঘের জন্য আর্থিক সাহায্য</td><td>৫০০.০০০,</td></tr>
<tr><td>০৫২০২৩-০৬-</td><td>আলেকজান্ডার দায়রা শরীফ হাফেজিয়া মাদ্রাসার জন্য আর্থিক সাহায্য</td><td>১০০০.০০০,</td></tr>
<tr><td>০৫২০২৩-০৬-</td><td>রিনা আক্তারআর্থিক সাহায্য-</td><td>৫০০.০০০,</td></tr>
<tr><td>০৫২০২৩-০৬-</td><td>মাহবুব হোসেনআর্থিক সাহায্য-</td><td>৫০০.০০০,</td></tr>
<tr><td>০৫২০২৩-০৬-</td><td>শামছুদ্দিন আর্থিক-সাহায্য</td><td>৫০০.০০০,</td></tr>
<tr><td>০৫২০২৩-০৬-</td><td>জুনমাষ্টাররোল কর্মচারীদের বেতন ২০২৩/</td><td>৬৬০০.৫০০,</td></tr>
<tr><td>০৬২০২৩-০৬-</td><td>জুনটি মিটারের বিদ্যুৎ বিল৭-২০২৩/</td><td>১২০০.৬৬৯,</td></tr>
<tr><td>০৬২০২৩-০৬-</td><td>এপ্রিল ও মেআপ্যায়ন -ভান্ডারী হোটেল-২৩/ বিল</td><td>২২০০.৬৪৬,</td></tr>
<tr><td>০৬২০২৩-০৬-</td><td>বাধন চন্দ্র শীলশিক্ষা অনুদান-</td><td>২০০.০০০,</td></tr>
</table>
</td>
<td>মেয়র মহোদয় পৌর পরিষদের সম্মতিতে জুন’২০২৩ মাসে পরিশোধকৃত বিল সমূহ অনুমোদন হয় এবং বিলের নথীপত্র সমূহ সংরক্ষণ সরার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
</tr>
</table>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(এম মেজবাহ উদ্দিন)
মেয়র
রামগতি পৌরসভা।

স্মারক নং-রাপৌ/সভাঃ কাঃ/২০২৩-২০২ তারিখঃ ২৪/০৭/২০২৩খ্রিঃ

**অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণঃ**

১। জেলা প্রশাসক,লক্ষ্মীপুর।
২। জনাব..........................................................কাউন্সিলর(সকল),রামগতি পৌরসভা।
৩। জনাব..........................................................শাখা......................রামগতি পৌরসভা।
৪। সংশ্লিষ্ট নথি।

(এম মেজবাহ উদ্দিন)
মেয়র
রামগতি পৌরসভা।